দৈনিক খবর

৬৩

তারিখ 10 OCT 1993

পৃষ্ঠা ৫ কলাম ৩

# সরকারী কলেজ শিক্ষকদের একক সংগঠন গড়ে তোলার উদ্যোগ

সরকারী কলেজ শিক্ষকদের একটি শক্তিশালী একক সংগঠন গঠনের উদ্দেশ্যে গত শুক্রবার ইডেন কলেজে অধ্যক্ষ প্রফেসর জাহান আরা বেগমের সভাপতিত্বে শিক্ষক সংগঠনগুলোর এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতি, সরকারী কলেজ শিক্ষক পরিষদ, তিনটি সরকারী কলেজ শিক্ষক সমিতির একটি, প্রভাষক সমিতির ও সহকারী অধ্যাপকদের সংগঠন অধ্যাপক সমিতির কেন্দ্রীয় কমিটির কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ প্রফেসর ডঃ কিউএটিএম হাবিবুর রহমান শিক্ষকদের বৃহত্তর স্বার্থে ক্যাডারের সকল শ্রেণীর ও সকল স্তরের শিক্ষকদের প্রতিনিধিত্বকারী একক সংগঠনে একীভূত হয়ে শিক্ষার মানোন্নয়ন, শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রতিরোধ ও শিক্ষকদের পেশাগত স্বার্থ আদায়ে বৃহত্তর আন্দোলনের প্রস্তুতি গ্রহণের জন্য সকল সংগঠনের প্রতি আহবান জানান।

এদিকে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির আহবানে গত বৃহস্পতিবার রাজবাড়ী কলেজের অধ্যক্ষসহ শিক্ষকদের উপর হামলা ও শিক্ষাঙ্গনে সন্ত্রাসের প্রতিবাদে সারাদেশে কর্মবিরতি পালিত হওয়ায় ক্যাডারের শিক্ষকগণের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করা হয়।